New York City Campaign Finance Board

# ভোটার গাইড

## ২৩ তম কুইন্স কাউন্সিল ডিস্ট্রিক্ট

### সাধারণ নির্বাচন • নভেম্বর ৩

English on reverse











New York City
Campaign Finance Board
100 Church Street
New York, NY 10007

PRSRTD STD
US POSTAGE PAID
NYC CAMPAIGN
FINANCE BOARD

# স্বাগতম

**নভেম্বর ৩-এ, সিটি কাউন্সিল ডিসট্রিক্ট ২৩-এর ভোটারগণ এই গ্রীষ্মে শূন্য হওয়া আসনটি জন্য নতুন একজন সিটি কাউন্সিল সদস্য নির্বাচন করবেন।**

এছাড়া, কুইন্স ও অন্যান্য বোরোর ভোটাররা অন্যান্য অফিসের জন্য ভোট দেবে, যেমন ডিসট্রিক্ট এটর্নি এবং বিচার বিভাগীয় পদ গুলোর জন্য। **এই গাইডে, কাউন্সিল ডিসট্রিক্ট ২৩-এর** প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের প্রোফাইল এবং ভোটের ব্যাপারে সাধারন তথ্য উল্লেখ করা আছে।

আপনি যদি এই গাইডটি ডাকযোগে পেয়ে থাকেন, তারমানে আপনি কাউন্সিল ডিসট্রিক্ট ২৩-এর একজন বাসিন্দা এবং আপনার কাউন্সিলের নতুন সদস্যর নির্বাচনের জন্য ভোট প্রদানের জন্য যোগ্য।

ভোটার গাইডের অনলাইন সংস্করণে, আপনার ব্যালটের সবগুলো প্রতিদ্বন্দ্বিতার সম্পর্কে আপনি কাস্টমাইজড তথ্য দেখতে পারেন এখানে - www.nyccfb.info/voterguide। এবং, QPTV-র সঙ্গে যৌথভাবে নির্মিত NYC ভোটস্ ভিডিও ভোটার গাইডটি দেখুন, অক্টোবর ১৯ (সন্ধ্যা ৬:৩০), অক্টোবর ২২ (সকাল ১০টায়), অক্টোবর ২৯ (সকাল ১০টায়), বা অক্টোবর ৩০ (রাত ৯টায়)। তারিখ, সময় এবং QPTV চ্যানেলের জন্য 4 নম্বর পৃষ্ঠাটায় চেক করুন।

**ডিসট্রিক্ট ২৩-এ** আপনার মতামত প্রকাশ করুন – **নভেম্বের ৩-এ ভোট দিন!**

## আমি কোথায় ভোট প্রদান করবো?

আপনার ভোট কেন্দ্র জানার জন্য আপনি nyc.pollsitelocator.com ওয়েবসাইট দেখুন, অথবা 866-VOTE-NYC ভোটার হটলাইন-এ ফোন করে, অথবা আপনার বোরো-র BOE -র অফিসে যোগাযোগ করেও জানতে পারবেন।

সিটির নির্বাচন বিষয়ে আপ টু ডেট থাকুন- আজই Twitter @**NYCVotes** আমাদেরকে দেখুন বা www.facebook.com/nycvotes -এ আমাদেরকে লাইক দিন।

## সূচিপত্র


ভোটার হিসাবে আপনার অধিকার সমূহ .......... 3
প্রার্থীদের প্রোফাইল .......... 5
সচরাচর করা প্রশ্নমালা .......... 6
NYC ক্যাম্পেইন ফাইন্যান্স বোর্ড .......... 7
কিভাবে ভোট দিবেন .......... 8


## NYC বোর্ড অফ ইলেকশন

নিউ ইয়র্ক সিটি বোর্ড অফ ইলেকশনের সাথে আপনি ভোট প্রদান করার জন্য নিবন্ধিত হতে, নিবন্ধন পরিবর্তন করতে, এবসেন্টি ভোট দিতে, ভোট কেন্দ্রের কর্মী হওয়ার আবেদনসহ আরো অনেক কিছু করতে এ পারবেন। BOE–কে www.vote.nyc.ny.us অনলাইন-এ পাবেন, ভোটার হটলাইন-এ ফোন করে, অথবা সশরীরে আপনার বোরোর BOE-র অফিসেও যোগাযোগ করতে পারেন।

### প্রধান অফিস

32-42 Broadway, 7th Floor
New York, NY 10004

(212) 487-5400

**সময়: সকাল ৯-টা থেকে বিকেল ৫-টা।**

### কুইন্স

126-06 Queens Boulevard
Kew Gardens, NY 11415

(718) 730-6730

**সময়: সকাল ৯-টা থেকে বিকেল ৫-টা।**

### ভোটার হট লাইন

866-VOTE-NYC
(866-868-3692)

(212) 487-5496
শ্রবণ প্রতিবন্ধীদের জন্য।

## ভোটার হিসাবে আপনার অধিকার সমূহ

### প্রাইমারী নির্বাচনে ভোট প্রদান করার অধিকার আপনার আছে, যদি:

- আপনি একজন নিবন্ধিত ভোটার হন এবং যে দল দ্বারা প্রাইমারী নির্বাচনের আয়োজন করছে আপনি সে দলের অন্তর্ভুক্ত।
- আপনি নির্বাচনের দিনে রাত ৯ টার ভিতরে ভোট কেন্দ্রে উপস্থিত হন।

### সাধারণ নির্বাচনে ভোট প্রদান করার অধিকার আপনার আছে, যদি:

- আপনি একজন নিবন্ধিত ভোটার হন।
- আপনি নির্বাচনের দিনে রাত ৯ টার ভিতরে ভোট কেন্দ্রে উপস্থিত হন।

### যে কোনো নির্বাচনে আপনার অধিকার আছে:

- যদি ভোট প্রদানে সহায়তার প্রয়োজন হয় তাহলে আপনার পছন্দসই (আপনার নিয়োগকর্তা বা ইউনিয়ন প্রতিনিধি ছাড়া) একজন প্রশিক্ষিত ভোট কর্মীসহ যে কোনো ব্যক্তির সাহায্য গ্রহণ করতে পারেন। যদি দোভাষী পরিষেবার প্রয়োজন হয়, ভোটারগণের সাহায্যার্থে BOE-র দোভাষীগণকে কিছু নির্দিষ্ট কেন্দ্রে পাওয়া যাবে। কোন ভোট কেন্দ্রে দোভাষী পরিসেবা এবং কি কি ভাষায় পাওয়া যাবে সে তথ্যসহ আরো জানার জন্য কল করুন 866-VOTE-NYC।
- কি ভাবে ভোট প্রদান করবেন তা নির্বাচনী কর্মীগণকে জিজ্ঞাসা করেন।
- এই ভোটার গাইডসহ যে কোন কাগজ পত্র আপনি সাথে করে নিয়ে আসেন (অনুগ্রহ করে ভোট দান শেষে আপনার সাথে এ সব কাগজ পত্র ফেরত নিয়ে যাবেন।)
- ভোটিং মেশিন বিকল হওয়া সত্বেও ভোট প্রদান করা।
- আপনার ভোট কেন্দ্রে ভোটার তালিকায় আপনার নাম যদি বাদ পরে যায় তাহলে "অ্যাফিডেভিট ব্যালটের" মাধ্যমে ভোট প্রদান।

### যদি আপনি আপনার ভোট কেন্দ্রে প্রথম বারের মত ভোট প্রদান করতে আসেন তবে ভোট প্রদানের জন্য সম্ভবত পরিচয় পত্র দেখাতে হবে।

- গ্রহণযোগ্য সনাক্তকারী প্রমাণাদির মধ্যে আছে ছবিযুক্ত পরিচয়পত্র বা ইউটিলিটি বিল, ব্যাঙ্কের প্রতিবেদন, সরকারী চেক বা বেতনের চেক বা সরকারী কোন নথি যেখানে আপনার নাম ও ঠিকানা উল্লেখ আছে।
- আপনি যদি পরিচয় পত্র দেখাতে না পারেন বা না চান তাহলে অ্যাফিডেভিট ব্যালটের মাধ্যমে আপনার ভোট প্রদান করার অধিকার আছে।

## আসন্ন নির্বাচনের শেষ সময়সীমা

**অক্টোবর ১৪**

- ঠিকানা পরিবর্তন করার শেষ সময়সীমা

**অক্টোবর ২৩**

- ডাকযোগে পাঠানো মিলিটারি ব্যালটের আবেদন পাঠাবার শেষ তারিখ

**অক্টোবর ২৭**

- ডাক যোগে এবসেন্টি ব্যালট-এর আবেদন পাঠানোর শেষ সময়সীমা

**নভেম্বর ২**

- সশরীরে সামরিক/এবসেন্টি ব্যালট পাঠানোর শেষ সময়সীমা (সকাল ৯টা থেকে বিকেল ৫টা)।
- ডাক যোগে সশরীরে সাম্রিক/এবসেন্টি ব্যালট পাঠানোর শেষ সময়সীমা দন করার শেষ সময়সীমা (সকাল ৯টা থেকে বিকেল ৫টা)

**নভেম্বর ৩**

- সাধারণ নির্বাচন- কেন্দ্র সমূহ সকাল ৬টা থেকে রাত ৯টা পর্যন্ত খোলা থাকবে
- সশরীরে এবসেন্টি ব্যালট জমা দেয়ার শেষ সময়সীমা (সকাল ৯টা থেকে বিকেল ৯টা)।

## ভোটার গাইড প্রসঙ্গে

এই ভোটার গাইডটি ক্যাম্পেইন ফাইনান্স বোর্ড কর্তৃক প্রণীত। এই গাইডটিতে সকল প্রার্থীদের তালিকা রয়েছে যাদের নাম নির্বাচনের ব্যালটের থাকবে, এমনকি যদি কোন প্রার্থী ভোটার গাইডে মুদ্রণের জন্য সময়মত প্রোফাইল জমা না দিয়ে থাকেন। যেহেতু আইনগত কারণে প্রার্থীদের নাম ঠিক নির্বাচনের প্রাক্কালেও অপসারণ করা হতে পারে সেহেতু এই গাইডের তালিকায় অন্তর্ভুক্ত কিছু প্রার্থীর নাম ব্যালটে না ও থাকতে পারে। সাধারণ নির্বাচনের আপ-টু-ট তথ্যের জন্য অনলাইন ভোটার গাইড www.nyccfb.info/voterguide, দেখুন অথবা আপনার স্যাম্পল ব্যালট দেখার জন্য BOE এর নির্বাচনী কেন্দ্র নির্দেশক nyc.pollsitelocator.com ব্যবহার করুন।

এই গাইডের প্রোফাইল ও ছবিগুলো প্রার্থীদের কর্তৃক CFB এর নিকট দাখিল করা হয়েছে। সকল প্রার্থীরা অসত্য শপথের দন্ডের অধীন হলফ করেছেন যে, তাদের জ্ঞান অনুযায়ী প্রোফাইলে প্রদত্ত সকল তথ্য সত্য। প্রাথী কর্তৃক CFB এর নিকট দাখিলকৃত তথ্যাদি হুবুহ পুনর্মুদ্রণ করা হয়েছে সেগুলো ছাড়া যে গুলোর বড় ধরণের ত্রুটি এবং ছোট খাট ফরম্যাটিং ইস্যু রয়েছে তা মুদ্রণের আগে CFB কর্তৃক সংশোধন করা হয়ে থাকতে পারে। প্রার্থীদের প্রতিবেদনে প্রকাশিত বিবৃতি তাদের নিজস্ব বক্তব্য, এর সাথে নিউ ইয়র্ক ক্যাম্পেইন ফাইনান্স বোর্ডের কোন সংশ্লিষ্টা নেই।

## ডিসট্রিক্ট ২৩-এর প্রতিবেশীগণ



ডিসট্রিক্ট ২৩-র মধ্যে আছে এলেয় পণ্ড পার্কের কিছু অংশ(Alley Pond Park), বেসাইড (Bayside), বেলেরোজ (Bellerose), ক্যানিংহাম পার্ক(Cunningham Park), ডগলাস্টোন(Douglaston), ফ্লোরেল পার্ক (Floral Park), ফ্রেস মেডোস (Fresh Meadows), গ্লেন ওক্স (Glen Oaks), হলিস (Hollis), হলিস হিলস (Hollis Hills), হলিসউড(Holliswood), জ্যামাইকা এস্টেট (Jamaica Estates), লিটিল নেক (Little Neck), এবং কুইন্স ভিলেজ (Queens Village)।

# কাউন্সিল ডিসট্রিক্ট ২৩-এর সাধারণ নির্বাচন

সিটি কাউন্সিল হলো নিউ ইয়র্ক সিটি কর্তৃপক্ষের আইন পরিষদ বা আইন প্রণেতা। এই সিটি কাউন্সিল স্থানীয় আইন প্রণয়ন, জমি ব্যবহারে সিদ্ধান্ত গ্রহণ, সিটির এজেন্সিগুলোর তদন্ত ও তদারকি এবং সিটির বাজেট অনুমোদন করে থাকে। প্রত্যেক কাউন্সিল সদস্য নিউ ইয়র্ক সিটির ৫১টি কাউন্সিল ডিসট্রিক্টের একটির প্রতিনিধিত্ব করেন। কাউন্সিল সদস্যরা বাৎসরিক মূল বেতন হিসাবে $১১২,৫০০ টাকা পান। কাউন্সিল নেতারা এবং কমিটির চেয়াররা অতিরিক্ত ভাতা পেয়ে থাকেন। কাউন্সিল সদস্যরা কাউন্সিলের পদ ছাড়াও অন্য চাকুরী করতে পারেন।

**প্রার্থীরা**

ব্যারি গ্রডেনচিক্ (D)
(BARRY GRODENCHIK)

জোসেফ্ কোনক্যানোন্ (R, C, REF)
(JOSEPH CONCANNON)

রেবেকা লিঞ্চ (WF)
(REBECCA LYNCH)

দলীয় চিহ্ন D= ডেমোক্রেট R= রিপাবলিকান C= কনজারভেটিভ WF= ওয়ার্কিং ফ্যামিলি REF= রিফর্ম

## ভিডিও ভোটার গাইড NYC VOTES দেখতে ভুলবেন না!

NYC Votes, QPTV-র সঙ্গে যৌথভাবে, আপনাদের কাছে কাউন্সিল ডিসট্রিক্ট ২৩-এর ভিডিও ভোটার গাইডটি নিয়ে এসেছে। প্রার্থীদের কাছ থেকে তাদের প্ল্যাটফর্মের সম্পর্কে সরাসরি শুনুন, যাতে আপনি অবগত হয়ে নভেম্বর ৩-এ ভোট দিতে পারেন!

সোমবার, **অক্টোবর ১৯** সন্ধ্যা ৬:৩০টা

বৃহস্পতিবার, **অক্টোবর ২২** সকাল ১০টা

বৃহস্পতিবার, **অক্টোবর ২৯** সকাল ১০টা

শুক্রবার, **অক্টোবর ৩০** রাত ৯টা

**TWC** 34 এবং 1995

**RCN** 82

**FiOS** 34

nyc votes

## ব্যারি গ্রডেনচিক্ (D) (BARRY GRODENCHIK)



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্রেটিক

**বর্তমান পেশা:** কমিউনিটি বোর্ড-এর পরিচালক, কুইন্স বরো-র সভাপতি মেলিন্ডা ক্যাটজ

**পূর্ববর্তী পেশা (গুলো):** ডেপুটি কুইন্স বরো-র সভাপতি হেলেন মার্শালের নিউ ইয়র্ক স্টেট এসেম্বলিম্যান-এর অধীনে;, কুইন্স বরো প্রেসিডেন্ট ক্ল্যার শূলম্যানের সময় চিফ এ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার

**শিক্ষাগত যোগ্যতা:** SUNY - বিংহ্যামটন, অর্থনীতি ও ইতিহাসে স্নাতক ডিগ্রি

**প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা:** ব্যারিকে অনেক সামাজিক সংস্থা সম্মানিত করেছে,যার মধ্যে বিনোস মালকা একাডেমী, তাইওয়ান অ্যাসোসিয়েশন, কোরিয়ান আমেরিকান অ্যাসোসিয়েশন, দক্ষিণ-পূর্ব কুইন্স কমিউনিটি পার্টনারসিপ এবং ইহুদীদের দারিদ্র্যের জন্য মেট্রোপলিটান কাউন্সিল

**পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা:** ডেপুটি কুইন্স বরো-র সভাপতি হেলেন মার্শালের নিউ ইয়র্ক স্টেট এসেম্বলিম্যান-এর অধীনে;, কুইন্স বরো প্রেসিডেন্ট ক্ল্যার শূলম্যানের সময় চিফ এ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার

**১। আপনি যদি নির্বাচিত হন, কাউন্সিল ডিসট্রিক্ট ২৩-এর সবচেয়ে গুরুত্বপূর্ণ কোন বিষয়টির উপর আপনি জোর দিবেন?**

আমাদের ডিসট্রিক্টের সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়টি হলো আমাদের অসাধারণ স্কুলগুলিকে রক্ষা করা। আমি এখানে পূর্ব কুইন্সে সরকারী স্কুলে লেখা পড়া করেছি এবং জানি যে, আমাদের সর্ব শক্তি দিয়ে আমাদের সন্তানদের সফল হওয়া প্রয়োজনে সব সম্পদের ব্যবস্থা করা অবশ্যই দরকার।

**২। আপনি যদি নির্বাচিত হন, তাহলে আপনি অন্য আর কোন্ কোন্ গুরুত্বপূর্ণ বিষয়গুলির সমাধান করবেন?**

শিক্ষার সাথে সাথে জনসাধারনের নিরাপত্তা ও জীবনযাত্রার মানের বিষয়গুলোও গুরুত্বপূর্ণ। পূর্ব কুইন্স, সিটি হল দ্বারা দীর্ঘ দিন ধরে উপেক্ষিত এবং আমি মধ্যবিত্ত পরিবার, বাড়ির মালিক, কো অপ -এর মালিক, ভাড়াটিয়া ও আমাদের কমিউনিটির ক্ষুদ্র ব্যবসার মালিকদের জন্য আমি অ্যাডভোকেট হবো।

**৩। আপনি কেনো এই অফিসের জন্য সবচেয়ে যোগ্য প্রার্থী?**

এই ডিসট্রিক্ট ও স্থানীয় কমিউনিটি সম্পর্কে আমার অভিজ্ঞতা ও জ্ঞান হোলো অতুলনীয়। আমি আমার সারা জীবন, NYS এসেম্বলি, কুইন্স বরোর সভাপতির অফিস এবং স্থানীয় কমিউনিটি বোর্ড ও সংস্থার দ্বারা কুইন্সের পরিবারগুলিকে সাহায্য করতে কাটিয়েছি। আমাদের গুরুত্বপূর্ণ বিষয়গুলির জন্য কিভাবে লড়াই করতে হবে এবং কিভাবে সঠিক ফলাফল পাওয়া যেতে পারে আমি ছাড়া আর কেউ জানেনা।

পুনঃমুদ্রিত যেমনটি প্রার্থী কর্তৃক সরবরাহকৃত ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম-এ অংশগ্রহনকারী।

steve@barrygrodenchik.com | www.barrygrodenchik.com | bgrodenchik | BarryGrodenchik

---

## জোসেফ্ কোনক্যানোন্ (R, C, REF) (JOSEPH CONCANNON)



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্রেটিক

**বর্তমান পেশা:** ইন্টেগ্রিস সিকুরিটি এলএলসি -র CEO

**পূর্ববর্তী পেশা(গুলো):** NYPD-র ক্যাপ্টেন U.S. বিমান বাহিনীর সাবেক সৈনিক, SUNY ফারমিংডেল, NY- এর অধ্যাপক, নিরাপত্তা পরিবেক্ষনের তদন্তকারী (মার্কিন যুক্তরাষ্ট্রের সরকারী সংস্থার ঠিকাদার)

**শিক্ষাগত যোগ্যতা:** জন জে কলেজ অফ ক্রিমিনাল জাস্টিস থেকে জন প্রশাসনে স্নাতকোত্তর ডিগ্রি; জন প্রশাসনে স্নাতক

**প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা:** এমুরিটাস, ইনফ্রা গার্ড NY মেট্রো মেম্বার এলায়েন্স-র সভাপতি (FBI-এর যৌথ উদ্যোগ)

**পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা:** মেয়র রুডি গিলিয়ানির প্রশাসনে জনসাধারনের নিরাপত্তা বিষয়ক ডেপুটি ডাইরেক্টর।

**১ আপনি যদি নির্বাচিত হন, কাউন্সিল ডিসট্রিক্ট ২৩-এর সবচেয়ে গুরুত্বপূর্ণ কোন বিষয়টির উপর আপনি জোর দিবেন?**

এই ডিসট্রিক্টের সবচেয়ে বড় সমস্যা হলো ভীষণভাবে অপরাধের উচ্চতর হার আবার বৃদ্ধি পাওয়া। একজন নির্বাচিত প্রতিনিধির সবচেয়ে প্রথম কাজ হলো, বিশেষ করে সিটি পর্যায়ে, জনসাধারনের নিরাপত্তার রক্ষণাবেক্ষণ ও সংরক্ষণ করা। আমি যদি নির্বাচিত হই, তাহলে আমি তখনই আমাদের স্থানীয় পুলিশের কমান্ডারদের সাথে দেখা করে তাদের এবং সিটি কাউন্সিলের মধ্যে ভালো কাজের সম্পর্ক স্থাপন করবো, আর পুলিশ কমিশনার-এর সাহায্য নিয়ে কাউন্সিল ডিসট্রিক্ট ২৩-এর বিশেষ প্রয়োজনগুলো মেটানোর প্রচেষ্টা করবো। আমি যে কোন এবং সকল আইনের বিরোধীতা করবো, যা আমাদের পুলিশ অফিসারদের কাজ করতে প্রতিবন্ধকতা সৃষ্টি করবে।

**২ আপনি যদি নির্বাচিত হন, তাহলে আপনি অন্য আর কোন্ কোন্ গুরুত্বপূর্ণ বিষয়গুলির সমাধান করবেন?**

এই সিটির কাউন্সিলম্যান হিসেবে আমার বিশেষ কাজ হবে নতুন কর্মসংস্থান সৃষ্টি করা এবং এবং আমাদের স্থানীয় অর্থনীতিতে নিবিড়ভাবে কাজ করা। আমি যে সমস্ত কর্ ও আইন ব্যবসার দমন ও চাকরির উন্নয়ন করে, সেই সমস্ত কর্ ও আইনের বিরুদ্ধে যুদ্ধ করবো। আমার দৃঢ় বিশ্বাস যে আমাদের কর্ম প্রশিক্ষণের উপর পুনরায় দৃষ্টি আকর্ষণ করা প্রয়োজন, বিশেষ করে বানিজ্যিক পেশার প্রতি। আমাদের এই ডিসট্রিক্টে স্কুল আছে যেগুলোর আর্থিক অনুদান নেই আর ভালভাবে রক্ষণাবেক্ষণ-ও হয় না। এটার অবসান করা প্রয়োজন। আমাদের স্কুলগুলোর সম্পূর্ণ অনুদানের জন্য আমি সংগ্রাম করবো এবং আমাদের সন্তানদেরকে কেবলমাত্র পরীক্ষার জন্য শিক্ষা নয়, কার্যকরী শিক্ষা দানের জন্য প্রয়োজনীয় উপকরণ প্রদান করবো। । বিশ্ব অর্থনীতিতে ভূমিকা রাখার জন্য আমাদের সন্তানদেরকে প্রস্তুত করার জন্য আমরা অবশ্যই STEM শিক্ষায় নেতৃত্বের জন্য শিক্ষা ব্যবস্থার চেষ্টা করতে হবে।

**৩ আপনি কেনো এই অফিসের জন্য সবচেয়ে যোগ্য প্রার্থী?**

ইন্টেগ্রিস সিকুরিটির CEO এবং ২৫ বছরের NYPD-র সাবেক সেনা হিসেবে আমার সরকারী ও বেসরকারি পর্যায়ে অতুলনীয় অভিজ্ঞতা আছে, তাছাড়া মেয়র জিলিয়ানির দ্বারা ডেপুটি ডাইরেক্টর অফ পাবলিক সেফটি হিসেবে নিযুক্ত থাকায় আসাধারন অভিজ্ঞতা আছে, যেখানে আমি জনসাধারনের নিরাপত্তার বিষয়ে প্রধান বিশ্লেষক ছিলাম। আমি এই সিটির প্রয়োজনীয় নিরাপত্তা দেখাশোনার জন্য ভালোভাবে প্রস্তুত আছি।

পুনঃমুদ্রিত যেমনটি প্রার্থী কর্তৃক সরবরাহকৃত ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম-এ অংশগ্রহনকারী।

info@joe4ny.org | www.Joe4NY.org | Joe-Concannon-1584087468509017 | Joe_4_NY

---

## রেবেকা লীঞ্চ (WF) (REBECCA LYNCH)



**যে রাজনৈতিক দলভুক্ত:** ডেমোক্রেটিক

**বর্তমান পেশা:** সরকারি কর্মচারী

**পূর্ববর্তী পেশা(গুলো):** কমিউনিটি বিষয়কের সহকারী কমিশনার, নিউ ইয়র্ক সিটি

**শিক্ষাগত যোগ্যতা:** ফ্লাশিং-এর টাউন্সেন্ড হ্যারিস উচ্চ বিদ্যালয়ের গ্র্যাজুয়েট; M.S. ৬৭ লিটল্ নেক্ -এ; এবং P.S. ১৮৬ বেলরোস-এ। কোল্বি কলেজ থেকে সরকার বিষয়ক স্নাতক লাভ করেন।

**প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা:** ডেমোক্রেটিভ ডিসট্রিক্টের প্রাক্তন নেতা; এলেনর রুজ্ ভেল্ট রেগুলার ডেমোক্রেটিক ক্লাবের প্রাক্তন একজেকিউটিভ অফিসার, লিটল নেকের স্যেমুয়েল ফিল্ড ওয়াই -এর প্রাক্তন বোর্ড সদস্য এবং এলি পণ্ড এনভায়রণমেন্টাল সেন্টারের প্রাক্তন বোর্ড সদস্য

**পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা:** কমিউনিটি বিষয়কের সহকারী কমিশনার, নিউ ইয়র্ক সিটি

**১। আপনি যদি নির্বাচিত হন, কাউন্সিল ডিসট্রিক্ট ২৩-এর সবচেয়ে গুরুত্বপূর্ণ কোন বিষয়টির উপর আপনি জোর দিবেন?**

আমাদের সন্তানদের জন্য মান সম্মত শিক্ষা, আমাদের সামাজিক ভিত্তি। ডিসট্রিক্ট ২৬-এর সরকারি স্কুলের ও টাউন্সেনড্ হ্যারিস উচ্চ বিদ্যালযের গ্রাজুয়েট হিসেবে, আমার জানা আছে যে, ভালো শিক্ষা কতো ভালো সুযোগ প্রদান করতে পারে। আমাদের অনেক চমৎকার স্কুল আছে কিন্তু সেইটা আমাদের চাহিদা পূরণ করার জন্য যথেষ্ট নয়। আমি স্কুলের ঠাসাঠাসি কমানোর জন্য এবং আমাদের কমিউনিটিতে একটি নতুন উচ্চ বিদ্যালয় বানানোর জন্য লড়াই করবো।

**২। আপনি যদি নির্বাচিত হন, তাহলে আপনি অন্য আর কোন্ কোন্ গুরুত্বপূর্ণ বিষয়গুলির সমাধান করবেন?**

একজন নারী হিসেবে আমি এই ডিসট্রিক্টে জন্মেছি ও বড় হয়েছি, আমি গভীরভাবে অনুভব করি আমাদের কমিউনিটির পরিবারদের ও বৃদ্ধ ব্যক্তিদের জীবনযাপন সাশ্রয়মূলক রাখা, এবং আমি সবসময় ভাড়া বাড়ানোর, কন্ডো ও কো অপ -এর কর্ বাড়ানোর এবং পানির দাম বাড়ানোর বিরুদ্ধে লড়াই করব। আমি আমাদের স্থানীয় সামাজিক সংগঠন ও সিনিয়র সেন্টার গুলোর প্রয়োজনীয় সেবার জন্য আর্থিক অনুদান বর্ধনের ব্যাপারে দৃঢ়তাঁর সাথে সংগ্রাম করবো।

**৩। আপনি কেনো এই অফিসের জন্য সবচেয়ে যোগ্য প্রার্থী?**

এই ডিসট্রিক্টের জন্য আমাদের দরকার একজন শক্তিশালী, কার্যকরী প্রতিনিধি যিনি আমাদের কমিউনিটির প্রতি ব্রত থাকবেন। কমিউনিটি এফেয়ারস-এর সহকারী কমিশনার হিসেবে,লাল টেপ কাটতে এবং কুইন্সের বাসিন্দাদের জন্য সেবা প্রদান করতে আমি সিটি এজেন্সিদের সাথে ঘনিস্ট ভাবে কাজ করেছি। এডভোকেট হিসেবে, আমি পাঁচটি বোরো-র জন্য পরিবারদের জীবনযাত্রার মান উন্নত করার অগ্রসর নীতি প্রণয়নের জন্য কাজ করেছি। আমি জানি এই কমিউনিটির উন্নতির জন্য আমাকে কতটা মনোযোগ ও দৃঢ় ভাবে কাজ করতে হবে যাতে এই কমিউনিটি পরিবার নিয়ে থাকার জন্য একটি সুন্দর পরিবেশের সৃষ্টি করে।

পুনঃমুদ্রিত যেমনটি প্রার্থী কর্তৃক সরবরাহকৃত ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম-এ অংশগ্রহনকারী।

rebeccalynch.nyc@gmail.com | www.rebeccalynch.nyc | RebeccaLynchNYC | rebeccalynchnyc

# সচরাচর করা প্রশ্নমালা

## ভোট

### প্রাইমারী নির্বাচন কি?

একটি প্রাইমারী নির্বাচন অনুষ্ঠিত হয় যখন একটি দলের একাধিক প্রার্থী নমিনেশন চান এবং সফলভাবে ব্যালটে যাবার সকল ধাপ সম্পন্ন করে থাকেন। প্রাইমারী নির্বাচনে বিজয়ী প্রার্থী সেই দলের মনোনীত প্রার্থী হিসাবে নভেম্বরের সাধারণ নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করবেন। যদি একটি দলের কেবলমাত্র একজন প্রার্থী নমিনেশন চান, তবে সেই পদের কোন প্রাইমারী অনুষ্ঠিত হবে না।

### আমি কি প্রাইমারী নির্বাচনে ভোট দিতে পারি?

আপনি যদি নিবন্ধিত ভোটার হিসাবে এমন কোনো দলে তালিকাভুক্ত হয়ে থাকেন (নির্দিষ্ট সময় সীমার মধ্যে) যে দল প্রাইমারী নির্বাচনের আয়োজন করছে, তাহলে আপনি প্রাইমারীতে ভোট দিতে পারবেন। ষ্টেট পার্টি নিয়মানুযায়ী নির্দিষ্ট প্রাইমারী নির্বাচনে অ-নিবন্ধিত ভোটাররাও ভোট দিতে পারবেন, BOE এর সাথে যোগাযোগ করে জেনে নিন আপনি ভোট দানের যোগ্য কিনা।

### 'রানঅফ'প্রাইমারী নির্বাচন কাকে বলে এবং তাতে কি আমি ভোট দিতে পারি?

সিটিব্যাপী পদের জন্য (মেয়র, পাবলিক অ্যাডভোকেট অথবা কম্পট্রোলার) যদি কোনো প্রার্থী প্রাইমারী নির্বাচনের সমগ্র ভোটের অন্তত ৪০% না পান, তাহলে সর্বাধিক ভোট প্রাপ্ত দুই জন প্রার্থীর মধ্যে একটি 'রানঅফ'প্রাইমারী নির্বাচন করা হয়। আপনি যদি প্রাইমারীতে ভোট দেয়ার যোগ্য হন, তাহলে যে দলে আপনি তালিভুক্ত তার যে কোনো রানঅফ প্রাইমারীতেও আপনার ভোট দেয়ার যোগ্যতা থাকবে।

### সাধারণ নির্বাচন কি এবং আমি কি তাতে ভোট দিতে পারি?

সাধারণ নির্বাচনে বিভিন্ন দলের প্রার্থীগণ নির্বাচনী আসনে বিজয়ী হবার লক্ষে প্রতিদ্বন্দ্বিতা করেন। ব্যালটের প্রতিটি আসনে যে কোনো দলের যে কোনো প্রার্থীর পক্ষে আপনি ভোট দিতে পারেন। আপনি ব্যালট প্রস্তাবনাতেও "হ্যাঁ" বা "না" সূচক ভোট দিতে পারেন। নির্দিষ্ট সময়ের মধ্যে যে সকল ভোটারগণ নিবন্ধিত হয়েছেন তাদের সাধারণ নির্বাচনে ভোট দেয়ার যোগ্যতা আছে।

### বিশেষ নির্বাচন কি এবং আমি কি তাতে ভোট দিতে পারবো?

বিশেষ নির্বাচন হলো, যখন একটি অফিসের পদ নির্ধারিত মেয়াদপূর্ণের আগে শূন্য হয়ে যায়, যেমন, কোন নির্বাচিত প্রতিনিধি পদত্যাগ করেন বা অন্য অফিসের জন্য নির্বাচিত হন। এমনটি হলে, স্বল্প সময়ের মধ্যে মেয়াদ শেষ হওয়া পর্যন্ত আসনটি পূরনের জন্য একটি বিশেষ নির্বাচন ঘোষণা করা হয়। যদি আপনি সময়সীমার মধ্যে ভোট দানের জন্য নিবন্ধিত হন এবং আপনি যে ডিসট্রিক্টে বাস করেন সেখানে বিশেষ নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে তবে আপনি বিশেষ নির্বাচনে ভোট দিতে পারবেন।

### ব্যালট প্রস্তাবনা কি?

ব্যালট প্রস্তাবনা হলো, যখন ভোটারগনের সিদ্ধান্তের উপলক্ষে ব্যালটে একটা প্রশ্ন উত্থাপিত হয়। ব্যালটের প্রশ্নগুলো বন্ড ইস্যু অথবা নিউ ইয়র্ক স্টেট সংবিধানের প্রস্তাবিত সংশোধন অথবা নিউ ইয়র্ক সিটি চার্টারের সংশোধন সংক্রান্ত হতে পারে। কোনো কোনো ক্ষেত্রে জনৈক ব্যক্তি বা গোষ্ঠী ব্যালটে কোনো প্রশ্ন উত্থাপনের জন্য একটি পিটিশন জমা দিতে পারেন।

### আমার নিবন্ধনের কি মেয়াদ উত্তীর্ন হতে পারে?

আপনার নিবন্ধনের মেয়াদ উত্তীর্নের কোন সময়সীমা নেই। তথাপি, আপনি যদি দুটি ফেডারেল নির্বাচনে ভোট না দিয়ে থাকেন বা আপনি আপনার ঠিকানা পরিবর্তন করেছেন এবং BOE কে আপনার নতুন ঠিকানার খবর জানান নাই, তাহলে আপনার নিবন্ধনটা "স্থগিত" হওয়ার সম্ভবনা আছে এবং আপনার ভোট কেন্দ্রের ভোটার তালিকায় হয়তো আপনার নাম না-ও থাকতে পারে। আপনি যদিও এফিডেভিট ব্যালটের মাধ্যমে ভোট দিতে পারবেন।

### আমি যদি গতবার ভোট প্রদানের পর নিউ ইয়র্ক সিটির মধ্যে বাসা পরিবর্তন করে থাকি, তবে কি হবে?

যখন আপনি ঠিকানা পরিবর্তন করেন, নিউ ইয়র্ক ষ্টেটের আইনানুযায়ী ২৫ দিনের মধ্যে আপনার BOE-কে পরিবর্তিত ঠিকানা জানাতে হবে। আপনি নতুন ভোটার নিবন্ধন ফর্মের "ভোট দানের যে তথ্য পরিবর্তন হয়েছে" বক্স সহ সকল তথ্য পূরণ করে জমা দিয়ে সেটা করতে পারেন। আপনার নতুন ও পুরাতন ঠিকানা লিখুন, যে দলের আপনি অন্তর্ভুক্ত হতে চান সে দলের বক্সে চিহ্নিত করুন (আপনি আপনার পুরাতন ঠিকানায় যদি কোনো একটি দলের সঙ্গে অন্তর্ভুক্ত ছিলেন, তাহলেও এটা চিহ্নিত করুন) এবং অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি প্রদান করুন। যদি আপনি বাসা পরিবর্তন করেছেন কিন্তু সময়সীমার মধ্যে BOE নিকট ঠিকানা পরিবর্তন না করে থাকেন, তবে আপনি আপনার নতুন ভোট কেন্দ্রে গিয়ে অবশ্যই এফিডেফিট ব্যালটের মাধ্যমে ভোট দিবেন। আপনার পরিবর্তিত ঠিকানা সংযোজন হয়েছে কিনা তা 866-VOTE-NYC নাম্বারে ফোন করে জেনে নিন।

### ভোট দেয়ার জন্য স্বাক্ষর করার সময় যদি আমার নাম তালিকায় না থাকে, তা হলে কি হবে?

প্রথমে নিশ্চিত করুন যে, আপনি ভোট দেয়ার জন্য আপনার অ্যাসেম্বলি ও নির্বাচনী ডিস্ট্রিক্ট এর সঠিক টেবিলে স্বাক্ষর করেছেন কি না। প্রতিটি নির্বাচনের আগে সকল নিবন্ধিত ভোটারগণকে CFB দ্বারা প্রেরিত ভোটার গাইডের মেইলিং লেবেলে এবং BOE-এর মেইলারে এই ডিস্ট্রিক্ট নম্বর ছাপানো থাকে। যদি আপনার সাহায্যের প্রয়োজন হয় তাহলে প্রতিটি নির্বাচন কেন্দ্রে একজন নির্বাচন কর্মীকে পাওয়া যাবে যে আপনার নাম ও ঠিকানা দিয়ে আপনি কোন ডিস্ট্রিক্ট এ বসবাস করেন তা বের করে দিতে পারবে অথবা BOE-এর ভোট কেন্দ্র লকেটরে দেখে নিতে পারেন।

যখন আপনি নিশ্চিত যে, আপনি সঠিক টেবিলে গিয়ে স্বাক্ষর করছেন, তার পরও আপনার নাম যদি নির্বাচনী তালিকায় না থাকে, কারণ এটা হতে পারে যে BOE আপনার নিবন্ধনের ফর্মটি পায়নি। আপনি যদি বিশ্বাস করেন যে, আপনি ভোট প্রদানে যোগ্য তাহলে আপনি ভোট দিতে পারবেন। কোন নির্বাচনী কর্মীকে অ্যাফিডেভিট ব্যালটের ব্যাপারে জিজ্ঞাসা করুন এবং নির্দেশগুলো মেনে চলুন। নির্বাচনের পর BOE তাদের রেকর্ড খতিয়ে দেখবে এবং আপনার যোগ্য থাকেন তবে আপনার ভোটটি গণনা করা হবে। যদি তা না হয় তবে আপনি একটি নোটিশ পাবেন যে আপনার ভোট দেয়ার যোগ্যতা ছিল না এবং পরবর্তী নির্বাচনে ভোট দেয়ার নিবন্ধন ফর্ম পাবেন।

### ভোট দিতে আমি কোথায় যাব?

আপনি ভোট প্রদানের জন্য নিবন্ধিত হবার ২-৩ সপ্তাহের পরে ডাক যোগে আপনার ভোটার কার্ডটি পাবেন যেখানে আপনার ভোট কেন্দ্রের তথ্য থাকবে। নির্বাচন বোর্ডের ভোট কেন্দ্র লোকেটর ব্যবহার করেও আপনি জেনে নিতে পারেন।

### নির্বাচনের দিনে আমার ভোট কেন্দ্রে আমি যদি যেতে না পারি?

যদি কাউন্টি বা নিউ ইয়র্ক সিটি নির্বাচনের দিনে, সাময়িক বা স্থায়ী অসুস্থতা অথবা শারীরিক অক্ষমতা, হাসপাতালে ভর্তি, এক বা একাধিক অসুস্থ বা অক্ষম ব্যক্তির প্রাথমিক পরিচর্যার কর্তব্যে নিয়োজিত, অথবা ভেটারেন অ্যাডমিনিস্টেট্রশন হসপিটালের নিরোধাগারে, জেল বা হাজত বাস, বিচারের অপেক্ষায় বা গ্র্যান্ড জুরি প্রক্রিয়াধিনে অথবা জেল শাস্তি ভোগ করছেন কোনো অপরাধে দোষী সাব্যস্থ হওয়ার কারণে বা অন্যায় কাজ যা গুরুতর অপরাধ যোগ্য নয়, এমন কোনো কারনে ভোট কেন্দ্রে না যাওয় হয়, তবে আপনি অ্যাবসেন্টি ব্যালটের মাধ্যমে ভোট দিতে পারবেন।

**অ্যাবসেন্টি ব্যালটের মাধ্যমে ভোট দেয়ার দুইটি উপায় আছে: সশরীরে অথবা ডাক যোগে।**

- ডাক যোগে : 866-VOTE-NYC ফোন করে ব্যালট আবেদনের অনুরোধ পত্র অথবা BOE-এর ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারেন। আবেদনটি পূরণ করে আপনার BOE এর বোরো অফিসে নির্দিষ্ট সময়-সীমার মধ্যে পাঠিয়ে দিন। BOE আপনাকে ডাক যোগে একটি অ্যাবসেন্টি ব্যালট পাঠাবে। তা পূরণ করে নির্দিষ্ট সময়-সীমার মধ্যে আপনি BOE এর বোরো অফিসে পাঠিয়ে দিন।
- সশরীরে: যখন থেকে ব্যালট হাতে আসে তখন থেকে অ্যাবসেন্টি ভোট দান শুরু হয় (অন্তত নির্বাচনের ৩২ দিন আগে) এবং শেষ হয় নির্বাচনের দিনে। এটি আপনার BOE বোরো অফিসে সোম থেকে শুক্র, এবং নির্বাচনী দিনের আগের সপ্তাহের ছুটির দিনে সকাল ৯ টা থেকে বিকেল ৫টাএবং নির্বাচনের দিনে রাত ৯টা পর্যন্ত পরিচালিত হয়।

**বিশেষ দ্রষ্টব্য:** আপনার যদি অ্যাবসেন্টি ব্যালট ডাক যোগে সংগ্রহ করার নির্দিষ্ট সময় সীমা পার হয়ে যায় এবং দুর্ঘটনা জনিত কারণে বা আকস্মিক অসুস্থতার কারণে নির্বাচনের দিনে আপনার নির্বাচনী কেন্দ্রে যেতে না পারেন তাহলে আপনি অনুমোদন পত্রসহ আপনার প্রতিনিধিকে আপনার পক্ষ থেকে অ্যাবসেন্টি ব্যালট প্রদান করার জন্য BOE বোরো অফিসে পাঠাতে পারেন। BOE বোরো অফিসে নির্বাচনের দিনে রাত ৯ টার মধ্যে আপনাকে সম্পূর্ণ পূরণকৃত আবেদন এবং ব্যালট ফেরত দিতে হবে।

### আমি নিশ্চিত না যে, এই নির্বাচনের ব্যালটে কি আছে – কোথা থেকে আমি জানতে পারি?

অনলাইনে www.nyccfb.info/voterguide ভোটার গাইডে থেকে প্রার্থীদের ও ব্যালট প্রশ্নগুলোর সম্পর্কে জানতে পারবেন। একটি মুদ্রিত গাইড ডাক যোগে ভোটারদের নিকট প্রেরণ করা হয় যখন স্থানীয় অফিস (যেমন মেয়র এবং সিটি কাউন্সিল মেম্বার) বা সিটি ব্যালটের প্রশ্নমালা ব্যালটে থাকে।

### আমি গুরুতর অপরাধে দোষী সাব্যস্ত হয়েছি, আমি কি ভোট দিতে পারবো?

আপনি যদি গুরুতর অপরাধে দোষী সাব্যস্ত হন, তবে আপনার কারাভোগ এবং/বা পরোল সম্পন্ন হওয়ার পর আপনি নিবন্ধিত হতে ও ভোট দিতে পারবেন। আরও তথ্যের জন্য ভোটার নিবন্ধনের সচারচর করা প্রশ্নমালা দেখুন।

### বর্তমানে আমি গৃহহীন, আমি কি ভোট দিতে পারবো?

হ্যাঁ, যদি আপনি নিবন্ধিত থাকেন। আরও তথ্যের জন্য, ভোটার নিবন্ধনের সচারচর করা প্রশ্নমালা দেখুন।

### ভোট দানের সময় আমার কি পরিচয়পত্র দেখাতে হবে?

অধিকাংশ ক্ষেত্রে ভোট দানের সময় আপনাকে পরিচয়পত্র দেখাতে হবে না। আপনি যদি প্রথমবারের মত ভোট দিতে যান, তবে হয়তো প্রমানের জন্য আপনাকে ছবিসহ পরিচয়পত্র দেখাতে হতে পারে।

### আমি একজন নিবন্ধিত ভোটার কিন্তু আমার ভোট কেন্দ্রের ভোটার তালিকায় আমার নাম নেই- আমি কি ভোট দিতে পারবো?

হ্যাঁ। আপনি যদি সঠিক ভোট কেন্দ্রে যান কিন্তু আপনার নাম তালিকায় নেই, তবে আপনি এফিডেফিট ব্যালটের মাধ্যমে ভোট দিতে পারেন। নির্বাচনী কর্মীদের কাছে এফিডেফিট ব্যালট চাওয়ার পূর্বে আপনার উচিৎ যে ভোট কেন্দ্র লোকেটরটি ভাল করে যাচাই বাছাই করে নিশ্চিত হন যে, আপনি সঠিক কেন্দ্রেই এসেছেন। নির্বাচনের পরে BOE যাচাই করে দেখবে যে, আপনার ভোটটি গণ্য হবে কিনা এবং পরবর্তীতে আপনি ভোট প্রদানের যোগ্য থাকবেন কিনা। আর যদি না হয়, তবে আপনি একটি নিবন্ধন ফর্মসহ নোটিশ পাবেন যে, ভোট প্রদানে আপনি যোগ্য ছিলেন না এবং আগামী নির্বাচনের জন্য নিবন্ধন করতে পারেন।

# সচরাচর করা প্রশ্নমালা

## ভোটার নিবন্ধন

### কিভাবে আমি ভোটের জন্য নিবন্ধিত হবো?

ভোটার নিবন্ধনের ফর্ম পূরণ করে সরাসরি বা ডাক যোগে NYC বোর্ড অফ ইলেকশন-এ (BOE) দাখিল করতে পারেন। আপনি ওয়েবসাইড www.nyccfb.info থেকে নিবন্ধনের ফর্ম নামাতে পারেন, আপনার স্থানীয় BOE অফিস থেকে সংগ্রহ করতে পারেন, অনেক NYC এজেন্সির গ্রাহক সেবা কেন্দ্র থেকে বা 866-VOTE-NYC (212-487-5496 শ্রবণ প্রতিবন্ধীদের জন্য) নম্বরে ফোন করে ডাক যোগে পাঠানোর জন্য অনুরোধ করতে পারেন। আপনি অনলাইনেও নিবন্ধন করতে পারেন (নিম্নে দেখুন)। আপনি যে নির্বাচনে ভোট দিতে চান তার ২৫ দিন পূর্বের তারিখযুক্ত ডাকঘরের মোহর বা সশরীরে সরাসরি নিবন্ধন ফর্ম জমা দেয়াই হলো নিবন্ধন হওয়ার শেষ সময়সীমা।

### আমি কি অনলাইনে ভোটের জন্য নিবন্ধন করতে পারি?

অনলাইনে DMV-র মাধ্যমে ভোটার নিবন্ধন করা যায়, কিন্তু এজন্য একটি নিউ ইয়র্ক ষ্টেট-এর বৈধ আইডির ও আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বর প্রয়োজন। অন লাইনে নিবন্ধন এবং প্রোফাইল বানানোর জন্য DMV-র ওয়েব সাইটটি দেখুন: http://dmv.ny.gov/more-info/electronic-voter-registration-application।

### আমি জানি না যে, আমি ভোটের জন্য নিবন্ধিত কিনা- কিভাবে জানতে পারবো?

আপনার রেজিস্ট্রেশন অনলাইনে দেখার জন্য ভোটার রেজিস্ট্রেশন লুক-আপ (http://voterlookup.elections.state.ny.us) ব্যবহার করুন বা সহযোগিতার জন্য ফোন করুন 866-VOTE-NYC (শ্রবণ প্রতিবন্ধীদের জন্য 212-487-5496)।

### আমার নিবন্ধনের কি মেয়াদ উর্ত্তীন হতে পারে?

আপনার রেজিস্ট্রেশনের কোন মেয়াদ উর্ত্তীনের তারিখ নেই, কিন্তু তা নিষ্ক্রিয় হয়ে যেতে পারে, যদি আপনি বিগত দুটি ফেডারেল নির্বাচনে ভোট না দেন, বা আপনি ঠিকানা পরিবর্তন করেছেন এবং BOE তে আপনার নতুন ঠিকানা জানান নাই।

### আমি যদি গতবার ভোট প্রদানের পর নিউ ইয়র্ক সিটির মধ্যে বাসা পরিবর্তন করে থাকি, তবে কি হবে?

যখন আপনি ঠিকানা পরিবর্তন করেন, নিউ ইয়র্ক ষ্টেটের আইনানুযায়ী ২৫ দিনের মধ্যে আপনার পরিবর্তিত ঠিকানা BOE-কে জানাতে হবে। **নতুন** ভোটার নিবন্ধন ফর্মের "ভোট দানের যে তথ্য পরিবর্তন হয়েছে" বক্স সহ সকল তথ্য পূরণ করে জমা দিয়ে আপনি তা করতে পারেন। আপনার নতুন ও পুরাতন ঠিকানা লিখুন, যে দলে আপনি অন্তর্ভুক্ত হতে চান সে দলের বক্স চিহ্নিত করুন (আপনার পুরাতন ঠিকানায় যদি কোনো একটি দলের সঙ্গে অন্তর্ভুক্ত ছিলেন, তাহলেও এটা চিহ্নিত করুন) এবং অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি প্রদান করুন। যদি আপনি বাসা পরিবর্তন করেছেন কিন্তু সময়সীমার মধ্যে BOE নিকট ঠিকানা পরিবর্তন না করে থাকেন, তবে আপনি অবশ্যই আপনার নতুন ভোট কেন্দ্রে গিয়ে এফিডেফিট ব্যালটের মাধ্যমে ভোট দিতে পারবেন। আপনার পরিবর্তিত ঠিকানার সংযোজন হয়েছে কিনা তা 866-VOTE-NYC নাম্বার-এ ফোন করে জেনে নিন।

### বর্তমানে আমি গৃহহীন, আমি কি ভোটার নিবন্ধন করতে ও ভোট দিতে পারবো?

হ্যাঁ, আপনার ভোটার হিসাবে নিবন্ধন ও ভোট দানের অধিকার আছে। একটি ভোটার নিবন্ধন ফর্ম পূরণ করুন এবং কোথায় আপনাকে পাওয়া যাবে তা উল্লেখ করুন, যেমন "সেন্ট্রাল পার্কের ৮৬ স্ট্রিটের বেঞ্চে" যে ঠিকানায় আপনি থাকেন। এই ঠিকানার উপর ভিত্তি করে আপনাকে একটি ভোট কেন্দ্র প্রদান করা হবে। আপনি যে ঠিকানায় চিঠিপত্র পেয়ে থাকেন, আশ্রয়কেন্দ্রের, পি ও বক্স বা পরিবারের সদস্যের ঠিকানা লিখুন। আপনার ভোটার কার্ডটি ঐ ঠিকানায় পাঠিয়ে দেয়া হবে।

### গুরুতর অপরাধে দোষী সাব্যস্ত হলে কি আমার ভোটার নিবন্ধন ও ভোট দান অধিকারের প্রভাব পরবে?

যদি আপনি একটি গুরুতর অপরাধের জন্য অপরাধী সাব্যস্ত হন তবে হয়তো নিবন্ধন করতে বা ভোট দিতে পারবেন **না**:

- আপনি বর্তমানে কারাবন্দী আছেন; বা
- আপনি পরোলের তত্ত্বাবধানের আওতায় আছেন।

আপনি হয়তো নিবন্ধন বা ভোট দিতে পারবেন, যদি আপনি একটি গুরুতর অপরাধে দোষী সাব্যস্ত হন:

- আপনি প্রবেশনে দণ্ডিত হয়ে ছিলেন;
- আপনাকে কারাদণ্ডে দণ্ডিত করা হয় নাই বা আপনার কারাদণ্ড স্থগিত করা হয়েছিল;
- আপনি আপনার কারাদণ্ড বেশিভাগ ভোগ করে ফেলেছেন, সেই ক্ষেত্রে আপনি আবার ভোটার হিসাবে নিবন্ধিত হতে পারেন;
- আপনি পরোলে ছিলেন অতঃপর অব্যাহতি পেয়েছেন, এমনতাবস্থায় আপনি ভোটের জন্য পুনঃ-নিবন্ধন হতে পারবেন; বা
- আপনার সাজা মার্জনা হয়ে যায়।

### অপকর্মের জন্য দোষী সাব্যস্ত হলে কি আমার ভোটার নিবন্ধন ও ভোট দানের অধিকারে প্রভাব পরবে?

আপনি কারাগার থেকেও নিবন্ধন ও ভোট দিতে পারেন, যদি আপনি কেবলমাত্র একটি অপকর্মের জন্য দোষী সাব্যস্ত হন। আপনি নিউ ইয়র্ক ষ্টেটের, অন্য ষ্টেটের কোন কোর্টে বা একটি ফেডারেল কোর্টে সাজাপ্রাপ্ত হলেও, একই নিয়ম প্রযোজ্য হবে। ভোটার নিবন্ধন ও ভোট দানের জন্য আপনাকে আপনার অপরাধের কোন নথি প্রদান করতে হবে না।

# NYC ক্যাম্পেইন ফাইন্যান্স বোর্ড

নিউ ইয়র্ক সিটি ক্যাম্পেইন ফাইন্যান্স বোর্ড (CFB) একটি দল নিরপেক্ষ, স্বতন্ত্র সিটি এজেন্সি যা নির্বাচনের ক্ষেত্রে নিউ ইয়র্ক সিটির বাসিন্দাদের ভূমিকাকে আরো উন্নত করে। CFB-এর ব্রত হচ্ছে ভোটারদের অংশগ্রহণ ও সচেনতা বাড়ানো, ক্যাম্পেইনের অর্থ ব্যবহারের তথ্য জনগনকে প্রদান করা, অধিক নাগরিকদের প্রার্থী হতে সক্ষম করা, ক্ষুদ্র সহাযতা প্রদানকারীদের ভূমিকা জোরালো করা, এবং প্রকৃত বা কল্পিত দুর্নীতির সম্ভাবনা হ্রাস করা।

CFB-এর NYC ভোটস ক্যাম্পেইন কমিউনিটির সহযোগিতায় এবং সরকারী ও বেসরকারী সংস্থার সঙ্গে অংশীদারের মাধ্যমে ভোটার নিবন্ধন, ভোট প্রদান এবং সামাজিক অংশগ্রহনে সহায়তা করে। সম্ভাব্য ভোটারদের জন্য প্রোগ্রাম ও ইভেন্টস সম্বন্ধে জানার জন্য ফোন করুন 212-409-1800 নম্বরে।

CFB ক্যাম্পেইন ফিন্যান্স অ্যাক্ট, প্রয়োগ করে স্থানীয় পদের প্রার্থীদের নির্বাচনী প্রচারণায় আর্থিক সহায়তার সীমারেখা ও বিধি নিষেধ আরোপ করে। প্রার্থীদের জানাতে হয় যে, ঠিক কোথা থেকে তাদের আর্থিক সাহায্য এসেছে এবং সেই অর্থ কি ভাবে খরচ করা হয়েছে। প্রার্থীদের "আর্থিক লেনদেন সংক্রান্ত" নিষেধাজ্ঞাও মেনে চলতে হয় যা স্থানীয় সরকারের "অর্থের বিনিময়ে সুবিধা আদায়ের" ধারণা কমাতে সাহায্য করে। CFB স্থানীয় নির্বাচনে স্বতন্ত্র খরচ সম্বন্ধেও তথ্য সংগ্রহ ও প্রকাশ করে। CFB-এর ওয়েবসাইটে এই তথ্যাদি জনগনকে জানানো হয়।

প্রার্থীরা স্বেচ্ছায় ক্যাম্পেইন ফিন্যান্স প্রোগ্রামে যোগ দিতে পারেন, যা যোগ্য প্রার্থীদেরকে যারা খরচের সীমারেখা কঠোরভাবে মেনে চলার অঙ্গীকারবদ্ধ তাদেরকে পাবলিক ম্যাচিং ফান্ডস সরবরাহ করে। পাবলিক ম্যাচিং ফান্ডস প্রোগ্রাম জনগনের সমর্থনপ্রাপ্ত প্রার্থীদের বৃহৎ চাদা বা ব্যক্তিগত অনুদানের উপর নির্ভর করতে বাধ্য না করে জনগনের পর্যাপ্ত সাহায্যে প্রতিযোগিতামূলক ক্যাম্পেইন পরিচালনা করতে সাহায্য করে।

আপনি যদি সিটি অফিসের কোন পদের জন্য প্রার্থী হতে আগ্রহী হন, বা CFB কিভাবে নিউ ইয়র্কের NYC নির্বাচনকে আরো বেশি উন্মুক্ত ও গণতান্ত্রিক হতে সাহায্য করে থাকে, তা জানতে চান তাহলে অনুগ্রহ করে আমাদের সঙ্গে যোগাযোগ করুন – 100 Church St., 12th Floor, New York, NY 10007 আমাদেরকে ইমেইল ও করতে পারেন এই ঠিকানায় **info@nyccfb.info**.


**ROSE GILL HEARN**
চেয়ার

**ART CHANG**
**RICHARD J. DAVIS**
**COURTNEY C. HALL**
**MARK S. PIAZZA**
সদস্যগণ

**AMY M. LOPREST**
এক্সিকিউটিভ ডাইরেক্টর

**KITTY CHAN**
চিফ অফ ষ্টাফ

**SUE ELLEN DODELL**
জেনারেল কাউন্সেল

**ERIC FRIEDMAN**
এসিস্ট্যান্ট এক্সিকিউটিভ ডারেক্টর ফর পাবলিক এফ্যায়ার্স

**DANIEL CHO**
ডারেক্টর অফ ক্যান্ডিডেট সার্ভিসেস

**ONIDA COWARD MAYERS**
ডারেক্টর অফ ভোটার অ্যাসিস্ট্যান্স

**RHONDA GASKINS**
চিফ অফ ডকুমেন্ট প্রসেসিং

**JONNATHON KLINE**
ডারেক্টর অফ অডিটিং এন্ড একাউন্টিং

**DIANA LUNDY**
চিফ অফ রেকর্ডস ম্যনেজমেন্ট

**KENNETH O'BRIEN**
ডারেক্টর অফ সিস্টেমস এডমিনিসট্রেশন

**COREY SCHAFFER**
ডাইরেক্ট অফ এডমিনিস্ট্রেটিভ সার্ভিসেস এন্ড হিউম্যান রিসোর্স

**JESSE SCHAFFER**
ডারেক্টর অফ স্পেশাল কমপ্লায়েন্সে

**MATTHEW SOLLARS**
প্রেস সেক্রেটারি

**ELIZABETH A. UPP**
ডারেক্টর অফ কমিউনিকেশন্স

**HILLARY WEISMAN**
ডারেক্টর অফ লিগ্যাল ইউনিট



এই ভোটার গাইডটি প্রস্তুত করেছেন Elizabeth A. Upp, Crystal Choy, Winnie Ng, এবং Karina Schroeder সহযোগিতায় Katharine G. Loving।



দি নিউ ইয়র্ক সিটি ২০১৫ সাধারন নির্বাচনের ভোটার গাইড। কপিরাইট © ২০১৫ দি নিউ ইয়র্ক সিটি ক্যাম্পেইন ফাইনান্স বোর্ড কর্তৃক। সর্বস্বত্ব সংরক্ষিত।


প্রচ্ছদ ও ভিতর ডিজাইন করেছেন BaselineGroupNY। মার্কিন যুক্তরাষ্ট্রে বানানো।
বেসাইডের প্রচ্ছদ ফটো তুলেছেন Gail Frederick।

# কিভাবে ভোট দিবেন







### ১। পনার ব্যালট সংগ্রহ করুন

- আপনার নির্দিষ্ট ভোটদান কেন্দ্রে যান, নাম সই করুন, এবং আপনার কাগজের ব্যালট এবং ভোটের কার্ড ভোট কর্মীর কাছ সংগ্রহ করুন।
- ব্যালটটিতে আপনার ভোট দেওয়া হয়ে গেলে আপনার ভোটটি যাতে কেউ দেখতে না পান তার জন্যে আপনাকে একটি গোপনীয়তা খাম দেওয়া হবে।
- গোপন কক্ষটিতে যান অথবা ব্যালট মার্কিং ডিভাইস (BMD)-এর জন্যে ব্যাবহার করার অনুরোধ করুন।

### ২। আপনার ব্যালটের দুই দিকেই ভোট দিন

- আপনাকে প্রদত্ত কলমটি দিয়ে আপনার পছন্দের পাশের গোলাকার জায়গাটিকে সম্পূর্ণভাবে পূরণ করে আপনার ভোটটি দিন।

| সঠিক | ভুল | | |
|---|---|---|---|
| J. Doe ● | J. Doe ⊗ | J. Doe ✓ | J. Doe ◯ |

- কোন “X” অথবা একটি “✓” ব্যবহার করবেন না, গোলাকার জায়গাটিকে শুধু গোল করে দাগাবেন না, অথবা ব্যালটটিতে অপ্রয়োজনীয় দাগ দেবেন না।
- একজন রাইট-ইন প্রার্থীর জন্যে, প্রযোজ্য গোলাকার স্থানটি পূরণ করুন এবং সেই প্রার্থীর নামটি লিখুন।
- আপনার ব্যালটটি ভাঁজ করবেন না।

### ৩। আপনার ব্যালটটি স্ক্যান করুন

- আপনার ব্যালট এবং ভোটার কার্ডটি স্ক্যান করার জায়গায় নিয়ে যান।
- আপনার পছন্দের ভাষাটি স্ক্রিনে নির্দিষ্ট বোতামটি স্পর্শ করে বেছে নিন।
- আপনার দাগানো ব্যালটটি স্ক্যানারে ঢুকিয়ে দিন আপনার ভোটটি প্রদান করুন। স্ক্যানারটি উভয় দিক দিয়ে ঢোকানো ব্যালট গ্রহণ করে। স্ক্যানারটি আপনাকে জানিয়ে দেবে আপনার ভোটটি জমা করা হয়েছে।

## ব্যালট মার্কিং ডিভাইস (BMD) ব্যবহার করা

### BMDটি দুইভাবে ভোটারদের ব্যালটটি ব্যবহার করতে দেয়:

১। ব্যালটটি প্রদর্শিত স্ক্রিনে দেখুন।
২। ব্যালটটি হেডফোনের মাধ্যমে শুনুন।

### BMDটি চারভাবে ভোটারদের ব্যালটে ভোট দান করতে দেয়:

১। স্ক্রিন স্পর্শ করে
২। কিই প্যাড (ব্রেইল)
৩। সিপ এন্ড পাফ যন্ত্র
৪। রকার প্যাডেল

### BMD-এতে নিম্নোক্ত ধাপগুলির মাধ্যমে আপনার ব্যালটটিত ভোট দিন:

- আপনার ব্যালটটিতে কেমন করে ও কি ভাবে ভোটটি দেবেন তা ঠিক করে নিন।
- আপনার ব্যালটটি ভোট জমা করার ট্রেতে ঢুকিয়ে দিন।
- আপনার ভাষাটি পছন্দ করে নিন।
- BMDটি আপনার পছন্দ বাছাই ও তা পর্যালোচনা করার পুরো প্রকৃয়াটি প্রদর্শন করবে।
- কোন মত বদল করার জন্য, কোন প্রতিদ্বন্দ্বিতা বা বিষয় আপনি বদলাতে চান, সেটি আবার বেঁছে নিয়ে সঠিক উত্তরটি আবার নিন। সংক্ষিপ্তসার পর্দায় ফেরত যাওয়ার জন্যে “NEXT” চাপ দিন।
- আপনার ব্যালটটি মুদ্রণের জন্য “Mark Ballot”-এ চাপ দিন।
- আপনার মুদ্রিত ব্যালট এবং ভোটার কার্ড স্ক্যান করার জায়গায় নিয়ে যান।
- ব্যালটটি স্ক্যানারের ভেতরে ঢোকানোর জন্যে যদি আপনার কোন সাহায্যের প্রয়োজন হয়, তবে একজন ভোটকর্মী আপনাকে সাহায্য করবেন।



## মনে রাখবেন...

**আপনার ব্যালটটির অপর দিকটি দেখুন!**
পেছনদিকে প্রার্থী এবং/অথবা ভোট দেওয়ার জন্যে ব্যালট বিষয়ে প্রশ্ন থাকতে পারে।

**মনে করে প্রতিটি অফিসের জন্য ভোট দিবেন এবং ব্যালটের প্রতিটি প্রশ্নের উত্তর দেবেন।**
স্ক্যানারটি আপনাকে জানাবে না যে আপনি একটি বা অধিক পদের বা ব্যালটের প্রশ্নের উত্তর গোলাকার স্থানে সঠিকভাবে গোল করতে ব্যর্থ হয়েছেন। এটিকে বলা হয় “Undervoting”। স্ক্যান করার আগে আপনার ব্যালটটি ভালোভাবে দেখে নিন। প্রতিটি পদ এবং ব্যালট প্রস্তাবনায় আপনি ভোট দিয়েছেন তা নিশ্চিত করুন। স্ক্যানারটি আপনার ব্যালটটি একবার নিয়ে নিলে আপনি আর দ্বিতীয় সুযোগ পাবেন না।

**গোলাকার জায়গাটি সম্পূর্ণভাবে পূরণ করুন।**
“X ” অথবা “✓” ব্যবহার করবেন না অথবা গোলাকার জায়গাটিকে শুধু গোল করে দাগ দিবেন না।

**শুধুমাত্র একজন ব্যক্তিকেই ভোট দেবেন, যদি না অন্যভাবে নির্দেশ দেওয়া থাকে।**
প্রতিটি সারির প্রথম কলামে, ব্যালটটিতে লেখা থাকবে আপনি কয়টি পছন্দ করতে পারবেন। বেশিরভাগ ক্ষেত্রে, লেখা থাকবে, “Vote for ONE”, কিন্তু কোন কোন ক্ষেত্রে এটি লেখা থাকতে পারে “Vote for any TWO”, “Vote for any THREE”, ইত্যাদি। অনুগ্রহ করে ব্যালটটি ভালো করে পড়ে নিন, যাতে আপনি বেশি বা কম ভোট না দেন।

**আপনি একজন রাইট-ইন প্রার্থীকে ভোট দিতে পারেন।**
যদি আপনি কোন প্রার্থীকে ভোট দিতে চান যাঁর নাম ব্যালটে, তবে আপনাকে অবশ্যই:
(১) রাইট-ইন প্রার্থীদের জন্যে নির্দিষ্ট জায়গাটির গোলাকার জায়গাটিকে সম্পূর্ণ পূরণ করতে হবে এবং
(২) সেই প্রার্থীর নাম এই বক্সে লিখতে হবে অথবা স্ট্যাম্প দিতে হবে।

**বেশিরভাগ ভোটকেন্দ্রেই একাধিক স্ক্যানার থাকে।**
আপনার ভোটার কার্ড ভোটকর্মীকে দিয়ে দিন এবং তিনি আপনাকে বলে দেবেন কোন স্ক্যানারটি ব্যবহার করতে হবে।

## কি হবে যদি...

**আমি ভোট দিতে ভুল করে ফেলেছি।**
ব্যালটে মুছে ফেলার অথবা বদল করার চেষ্টা করবেন না। একজন ভোটকর্মীকে নতুন একটি ব্যালট দিতে বলুন। প্রতিটি ভোটদাতা সর্বোচ্চ তিনটি ব্যালট চাইতে পারেন।

**আমি “বেশি ভোট দিয়ে ফেলেছি” (একজন প্রার্থীর জন্যে অনেকগুলো গোলাকার স্থান পূরণ করে ফেলেছি)।**
কোন অফিস অথবা ব্যালট প্রস্তাবনায় আপনি যদি বেশী ভোট দেন, তবে তা গণ্য হবে না। যদি আপনি ব্যালটটি স্ক্যানারে রাখার আগে বুঝতে পারেন যে আপনি বেশি ভোট দিয়ে ফেলেছেন, তবে একজন ভোটকর্মীকে পূরণ করার জন্য নতুন একটি ব্যালট দিতে বলুন। যদি আপনি অতিরিক্ত ভোট দেওয়ার পরে একটি ব্যালট স্ক্যানারে ঢোকান, সেটির পর্দাটি দুটি উপায়সহ একটি ভুল বার্তা দেখাবে “জমা করবেন না – ব্যালটটি ফেরত দিন” (“Don’t Cast – Return Ballot”) উপায়টি বাছুন, এবং স্ক্যানারটি আপনার ব্যালটটি ফেরত দিয়ে দেবে যাতে আপনি একজন ভোটকর্মীর কাছ থেকে পূরণ করার জন্য একটি নতুন ব্যালট চেয়ে নিতে পারেন। যদি আপনি “ব্যালটটি জমা করুন” (“Cast Ballot”) উপায়টি বাছেন, তাহলে স্ক্যানারটি আপনার ব্যালটটি রেখে নেবে তবে যে প্রতিদ্বন্দ্বিতার জন্য বেশী ভোট দিয়ে দিয়েছেন তা আর গণ্য হবে না, কিন্তু আপনার বাকী ভোটগুলো গণনা করা হবে।

**লেখাগুলি অতিরিক্ত ছোট; আমি আমার কাগজের ব্যালট পড়তে পারছিনা।**
বড় লেখার কাগজ থাকবে। আপনি ব্যালট মার্কিং ডিভাইস (BMD) ব্যবহার করে অথবা কোন বন্ধুকে আপনাকে সাহায্য করার জন্যে বলতে পারেন।